

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩৪.১৮- ২৫৬

তারিখ: ০২.০৮.২০১৮খ্রি.

বিষয়: সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসার আরবি প্রভাষক, জনাব মো: নজরুল ইসলাম এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসার অধ্যক্ষ এর আবেদন

তারিখ: ০৭.০১.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসার আরবি প্রভাষক, জনাব মো: নজরুল ইসলাম মাদরাসার গভর্নিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন ০১.১১.২০১৪ খ্রি. তারিখ হতে ০১.০১.২০১৭খ্রি. তারিখ পর্যন্ত সরকারি বেতনের ৫০% বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য অধ্যক্ষ কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ০১.১১.২০১৪ খ্রি. তারিখে তৎকালীন গভর্নিং বডি কর্তৃক আরবি প্রভাষক, জনাব মো: নজরুল ইসলামকে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে গভর্নিং বডির ২১.০১.২০১৭ খ্রি. তারিখে আবারি প্রভাষক, জনাব মো: নজরুল ইসলামের সাময়িক বরখাস্তকরণ আদেশ প্রত্যাহার করা হয়।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কর্মিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিষয় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ,

উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসা।

ডাক ও উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।

২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।

৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

৫। সভাপতি, উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসা, ডাক ও উপজেলা: উল্লাপাড়া, জেলা: সিরাজগঞ্জ।

৬। জনাব মো: নজরুল ইসলাম, আরবি প্রভাষক, উল্লাপাড়া কামিল (অনার্স, এম.এ) মাদরাসা।

৭। অফিস কপি।